

একাদশ ও দ্বাদশ শ্রেণি
মানবিকে ২শ নম্বরের
আবশ্যিক ইসলাম শিক্ষা
বাদ দেয়ার তীব্র নিন্দা

□ স্টাফ রিপোর্টার : একাদশ-
দ্বাদশ শ্রেণির মানবিক শাখার ২০০
নম্বরের আবশ্যিক ইসলাম শিক্ষা
বাদ দেয়ার তীব্র নিন্দা ও প্রতিবাদ
জানিয়েছে খেলাফত পৃঃ ২ কঃ ৩

মানবিকে ২শ নম্বরের

প্রথম পৃষ্ঠার পর

মজলিস। সরকার ইসলামী শিক্ষা
ধরে করার যে অপচেষ্টায় নিত বয়েছে
এটিকে তার ধারাবাহিক কর্মকাণ্ড হিসেবে
সংশ্লিষ্টদের নেতৃবৃন্দ উদ্বেগ করেছেন।
গতকাল (রোববার) এক বিকৃতিতে
সংশ্লিষ্টদের আমীর মাওলানা মোহাম্মদ
ইসহাক ও মহাসচিব ড. আহমদ আবদুল
কাধের বলেন, ইসলামী শিক্ষা সংকোচন
নীতির অংশ হিসেবে সরকার অপচেষ্টা
অব্যাহত রেখেছে। উচ্চ মাধ্যমিক
পর্যায়ের ছাত্র-ছাত্রীরা ইসলামের সুমহান
আদর্শ সম্পর্কে যাতে আসতে না পারে
সেজন্য মানবিক শাখার আবশ্যিক
ইসলামী শিক্ষা ঐচ্ছিক করা হয়েছে।
নেতৃবৃন্দ একাদশ-দ্বাদশ শ্রেণির আবশ্যিক
ইসলামী শিক্ষা বাদ দেওয়ার সিদ্ধান্ত
প্রত্যাহার এবং পূর্বের মতো ২০০ নম্বর
বাধ্যতামূলক করার দাবি জানান। আর
সরকার যদি এ সিদ্ধান্ত পরিবর্তন না করে
তবে এদেশের মুসলিম জনতা সরকারের
ইসলামী শিক্ষা বিরোধী এ সিদ্ধান্তের
বিরুদ্ধে দূর্বীর আন্দোলন গড়ে তুলবে।